

প্রায় সবটাই

ভর্তুকী!

ফরহাদ আহমেদ ॥ কৃষি বিশ্ববিদ্যালয়ের পরিবহন খাতের প্রায় সম্পূর্ণ ব্যয়ই ভর্তুকী দিতে হয়। প্রতিবছর এই খাতে প্রায় ২০ লক্ষ টাকা ব্যয় হয়। ইহার মধ্যে ৮ লক্ষ টাকা রক্ষণাবেক্ষণ ও মাস্টার রোল কর্মচারীদের জন্য ব্যয় হয়। বাকী প্রায় ১২ লক্ষ টাকা অন্য কর্মচারীদের বেতন, তেলসহ বিভিন্ন ক্ষেত্রে ব্যয় হয়। অপরদিকে শিক্ষক, ছাত্র ও কর্মচারীদের নিকট হইতে বাসকার্ড বাবদ বছরে আয় হয় প্রায় ৫০ হাজার টাকা মাত্র। ছাত্রদের মাসিক ১০ টাকা, শিক্ষকদের ৭৫ টাকা ও কর্মচারীদের ৩০ টাকা হারে পরিবহন খাতে দিতে হয়। কিন্তু অধিকাংশ কর্মচারীই বাসকার্ড করে না। বিনা খরচে যাতায়াত করে। ছাত্র-ছাত্রীরা ৪ বছরের কোর্সের জন্য শুধু ৪ বছরের পরিবহন ফি দেয়। কিন্তু সেশনজট থাকায় ছাত্র-ছাত্রীরা ৬/৭ বছর ক্যাম্পাসে থাকে। ইহাতে ২/৩ বছরের টাকা পরিবহন খাত পায় না। আবার অধিকাংশ ছাত্র-ছাত্রী অধিকাংশ সময় বাসে যাতায়াত না করিলেও এবং বন্ধের সময়ও ছাত্র-ছাত্রীদের পরিবহন ফি দিতে হয়।

এই ব্যাপারে পরিবহন কর্মকর্তা প্রফেসর মোঃ আব্দুর রশীদ জানান, ক্যাম্পাস হইতে শহরে একটি বাস একবার যাতায়াত করিলে ১৫৩ টাকা খরচ হয়। কিন্তু আয় হয় মাত্র ৩০ টাকার মত। বাকী ১২৩ টাকা ভর্তুকী দিতে হয় প্রতিটি ট্রিপে। প্রতিদিন ২০টি ট্রিপ দিতে হয়। অর্থাৎ প্রতিদিন প্রায় ২ হইতে ৩ হাজার টাকা ভর্তুকী দিতে হয়। ইহা ছাড়াও বিশ্ববিদ্যালয়ের বাস, মিনিবাস, জীপসহ অন্য পরিবহন প্রায়ই শিক্ষক, কর্মচারী, ছাত্রসংগঠনসহ বিভিন্ন কারণে ব্যবহৃত হয়। এইগুলির হিসাবের কোন বালাই নাই।

ছাত্র-ছাত্রীরা নিয়মিত পরিবহন ফি দিলেও বহিরাগতদের জন্য পরিবহন সুবিধা হইতে বঞ্চিত হইতেছে। কৃষি বিশ্ববিদ্যালয়ের পরিবহন ব্যবস্থা দেখিয়া মনে হয় পরিবহন শুধু কর্মচারী ও বহিরাগতদের জন্যই রাখা হইয়াছে। পরিবহনের অব্যবস্থাপনার জের হিসাবে বহিরাগতদের সাথে ছাত্রদের ইতিপূর্বে একাধিকবার সংঘর্ষ হইয়াছে এবং বাক-বিত্তভা নিস্তনৈমিত্তিক ব্যাপার। কর্মচারীদের সাথেও মাঝে মাঝে বচসা হয়।

পরিবহন খাতে দুর্নীতিরও অভিযোগ পাওয়া গিয়াছে।

অত্যধিক খরচ এবং অব্যবস্থাপনার কারণে ভাইস-চ্যান্সেলর একবার পরিবহন ব্যবস্থা বেসরকারী খাতে দিতে চাহিয়াছিলেন। বর্তমানে এখানে ১০টি বাস, ২টি ট্রাক, ৩টি মিনিবাস, ৬টি মাইক্রোবাস, ৩টি জীপ, ২টি এম্বুলেন্স ও ১টি পিকআপসহ মোট ২৭টি ছোট-বড় গাড়ী রহিয়াছে। এই শাখায় মোট ৫৫ জন কর্মকর্তা ও কর্মচারী রহিয়াছে।